গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(সাধারণ শাখা)
www.gaibandha.gov.bd

# জুলাই ২০২৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মাসুদুর রহমান মোল্লা
জেলা প্রশাসক, গাইবান্ধা।

তারিখ : ১৯ জুলাই ২০২৬ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

মহান মুক্তিযুদ্ধ ও ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আত্মত্যাগকারী শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সভাপতি সভা আরম্ভ করেন। সভায় সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানানো হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য সচিব, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, গাইবান্ধা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর জেলার দপ্তর/ বিভাগভিত্তিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১।<br>জেলা প্রশাসন, গাইবান্ধা। | (১) অনলাইনে খতিয়ান/ পর্চার আবেদন গ্রহণ এবং ডাকযোগে প্রেরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।<br>(২) জেলা উন্নয়ন সমন্বয় সভার কার্যপত্র প্রতি মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>(৩) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ে উপজেলা সমন্বয় কমিটির সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।<br>(৪) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ সম্পর্কে প্রচার-প্রচারণা/ অবহিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।<br>(৫) মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০১৩.২২.২৫৯ নং স্মারকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>(৬) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.১৬.০০০১.১৯.২৬০ নং স্মারকে সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ মার্চ ২০২৬ তারিখের | (১) অনলাইনে খতিয়ান/ পর্চার প্রাপ্ত আবেদন ডাকযোগে প্রেরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) প্রতিমাসের ১ম সপ্তাহের মধ্যে সকল দপ্তরের কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(৩) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ী নিয়মিত উপজেলা সমন্বয় কমিটির সভা করতে হবে।<br>(৪) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৫) বিদ্যুৎ বিভাগের অধীনস্থ বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/ কোম্পানিসমূহের মাঠ পর্যায়ে বকেয়া বিদ্যুৎ বিল আদায় ত্বরান্বিত করার জন্য | (১) সকল দপ্তর প্রধান, গাইবান্ধা।<br>(২) সকল উপজেলা নির্বাহী অফিসার গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫ নং স্মারকে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ১৪ মার্চ ২০২৬ থেকে প্রতি শনিবার জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়েছে।<br>(৮) বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ১২ মে ২০২৬ তারিখের বিএসইসি/এফএলডি/পলিসি/বিবিধ/২০২৬-৩৪ নং স্মারকে জেলা ও উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় 'বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা' বিষয়টি নিয়মিত এজেন্ডাভুক্ত করে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়েছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৬) সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণসহ মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৭) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ১৪ মার্চ ২০২৬ থেকে প্রতি শনিবার মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও তৎসংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(৮) উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভায় 'বিনিয়োগ শিক্ষা ও নিরাপদ বিনিয়োগ সচেতনতা' বিষয়টি নিয়মিত এজেন্ডাভুক্ত করে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে। | |
| ২। পুলিশ বিভাগ, গাইবান্ধা। | পুলিশ সুপার, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ পুলিশের সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল ইউনিটের পুলিশ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, এনজিও, ছাত্র-শিক্ষক, মসজিদ, মন্দির কমিটির সাথে মতবিনিময় সভা, প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। | জেলার আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ সদস্যদের সদা তৎপর থাকাসহ পুলিশিং সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল ইউনিটের পুলিশ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, এনজিও, ছাত্র-শিক্ষক, মসজিদ, মন্দির কমিটির সাথে মতবিনিময় সভা, প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পুলিশ সুপার, গাইবান্ধা। |
| ৩। উপ-পরিচালক স্থানীয় সরকার গাইবান্ধা | উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা জানান যে, গাইবান্ধা জেলার জন্ম নিবন্ধনের (০-১ বছরের মধ্যে) লক্ষ্যমাত্রা- ৩,৯৯৫ জন, মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা- ১,২৯২ জন। জুন/ ২০২৬ মাসের জন্ম নিবন্ধন (০-১ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | বছরের মধ্যে) অর্জন -১৮৬৭ জন এবং মৃত্যু নিবন্ধন - ৫৯৯ জন। | | |
| ৪। জেলা পরিষদ, গাইবান্ধা। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) সাঘাটা উপজেলার বোনারপাড়া অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ চলমান রয়েছে। বরাদ্দ ৫৮২.০০ লক্ষ টাকা, অগ্রগতি- ৮৫%, (২) জেলা সদরে ১,০০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম কাম-মাল্টি পারপাস হল নির্মাণ (বরাদ্দ- ২০.৩৭ কোটি টাকা)। মহামান্য হাইকোর্ট ডিভিশনে রিট দায়ের হওয়ায় কার্যক্রম স্থগিত রয়েছে, (৩) গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার মহিমাগঞ্জে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ, বরাদ্দ ১০০.০০ লক্ষ টাকা। কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যক্রম শীঘ্রই শুরু হবে, (৪) সুন্দরগঞ্জ উপজেলায় একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ, বরাদ্দ ১০০.০০ লক্ষ টাকা। কার্যাদেশ প্রদান করা হয়েছে। কার্যক্রম শীঘ্রই শুরু হবে, (৫) পলাশবাড়ী উপজেলা সদরে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ, বরাদ্দ ২০০.০০ লক্ষ টাকা। অগ্রগতি -১০%। কার্যক্রম চলমান রয়েছে, (৬) সাদুল্লাপুর উপজেলা সদরে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। বরাদ্দ ২৩৩.৮০ লক্ষ টাকা, অগ্রগতি- ৭০%, (৭) ২০২৪-২৫ অর্থবছরে এডিপি (সাধারণ) খাতে বরাদ্দ ৬৭০.০০ লক্ষ টাকা। ২৩৫টি প্রকল্পের কাজ চলমান, অগ্রগতি - ৮০%, (৮) এডিপি (বিশেষ ) খাতে বরাদ্দ ৭০.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা-৩০টি, অগ্রগতি - ৫০%। এডিপি (বিশেষ) খাতে বরাদ্দ ৪৫.১৮ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা-১৯টি, অগ্রগতি-৬০%, (৯) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি (সাধারণ) খাতে বরাদ্দ ৫৭১.২৮ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা ৩৩৫টি। কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি - ৪০%। এডিপি (বিশেষ) খাতে বরাদ্দ ৪১.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা ১৪টি। কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি - ৩০%, এডিপি (বিশেষ) বরাদ্দ ৬৫.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা- ২২টি। কার্যক্রম চলমান রয়েছে, অগ্রগতি-৩০%। এডিপি (বিশেষ) বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকা, এডিপি (বিশেষ) বরাদ্দ- ২৯১.০০ লক্ষ টাকা, এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-১ সুন্দরগঞ্জ উপজেলা, এডিপি (বিশেষ) বরাদ্দ- ৪০.০০ লক্ষ টাকা,সংসদীয় এলাকা গাইবান্ধা-৪ গোবিন্দগঞ্জ উপজেলা, এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-০৫ সাঘাটা ও ফুলছড়ি উপজেলা, এডিপি (বিশেষ) বরাদ্দ ৩৫.০০ লক্ষ টাকা, প্রকল্প গ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে এবং কাজের মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা। |
| ৫। স্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা। | সিভিল সার্জন, গাইবান্ধা সভায় জানান যে, (১) সন্দেহজনক হামরোগীর সংখ্যা- ৩৩২ জন, হাম সনাক্ত রোগীর সংখ্যা- ২১ জন, (২) টিবি প্রকল্প, (৩) এনসিডি কর্ণার, (৪) আই কর্ণার, (৫) জরায়ুমুখ ও স্তন ক্যান্সার প্রতিরোধ প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে, (৬) জুন/ | (১) বন্যার কারণে জেলার যেন কেউ স্বাস্থ্যসেবা হতে বঞ্চিত না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>(২) দায়িত্বরত ডাক্তারগণকে | (১) সিভিল সার্জন, গাইবান্ধা।<br>(২) উপপরিচাল |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| | ২০২৬ মাসে কমিউনিটি ক্লিনিকে ১৯০৪৪৭ জন রোগীকে সেবা প্রদান, ৫২২৩ জন রোগীকে রেফার এবং কমিউনিটি ক্লিনিকে সিএইচসিপি কর্তৃক ২১ টি নরমাল ডেলিভারি করা হয়েছে, (৬) জুন/ ২০২৬ মাসে বিসিজি ৫৩০৯ জন। পেন্টা ১- ৫৬৯৮ জন, পেন্টা ২- ৭৮৪৭ জন, পেন্টা ৩- ৬৪১৯ জন, পিসিভি ১- ৪৬৯৭ জন, পিসিভি ২- ৫৭৪৪ জন, পিসিভি ৩- ৪৯৩৫ জন, ওপিভি ১- ৩৫০৯ জন, ওপিভি ২- ৩৯২৯ জন, ওপিভি ৩- ৩৬০১জন, আইপিভি ১- ২৪২৮ জন, আইপিভি ২- ৩৯৪২জন, এমআর ১- ১০৫৪ জন, এমআর ২- ১১৭২ জন, টিডি-১ ১৪৩৮, টিডি-২ ২৮৬২, টিডি-৩ ২৮৯২, টিডি-৪ ৩০৯৫, টিডি ৫ ৩১৩৬ জন শিশুকে টিকা দেওয়া হয়েছে। ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন: নীল ক্যাপসুল ১ লক্ষ্য ইউনিট খাওয়ানো হয়েছে ১৩৫৮৩৫ জন যা লক্ষ্যমাত্রা ৯৯.৫৬%, লাল ক্যাপসুল ২ লক্ষ ইউনিট খাওয়ানো হয়েছে ৩১৭২০১ জন যা লক্ষ্যমাত্রা ৯৯.৮১%, (৭) জুন/ ২০২৬ মাসে বহির্বিভাগে ১০৫৪২৩ জন, জরুরি বিভাগে ৮৯৩০ জন এবং অন্ত:বিভাগে ৬২১৮ জন রোগীর চিকিৎসা প্রদান করা হয়েছে এবং নরমাল ডেলিভারি ২৬৫ ও সিজারিয়ান ডেলিভারি ১৭টি, (৮) ০১/০১/২০২৫ হতে ২৯/১২/২০২৫ পর্যন্ত ময়নাতদন্ত হয়েছে ১৭৭টি, রিপোর্ট হয়েছে ১১৭টি, মূলতবী রয়েছে ৬০টি। ০১/০১/২০২৬ হতে ১১/০৭/২০২৬ পর্যন্ত ময়নাতদন্ত হয়েছে ৮২টি, রিপোর্ট হয়েছে ২৪টি, অবশিষ্ট রয়েছে ৫৮টি। তিনি আরও বলেন বন্যার কারণে প্রত্যেকটি ইউনিয়নে কমিটি গঠন করা হয়েছে এবং প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়েছে। এছাড়াও উপজেলা ও সিভিল সার্জন কার্যালয়ের বন্যার কারণে কন্ট্রোলরুম খোলা হয়েছে। | অধিকতর আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।<br>(৩) হাম প্রতিরোধের বিষয়ে উপপরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সমন্বয় করে লিফলেট বিতরণসহ বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>(৪) হাম, ডেঙ্গু ও পানিবাহিত বিভিন্ন রোগের বিষয়ে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক, স্থানীয় সরকার, গাইবান্ধা।<br>(৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।<br>(৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), গাইবান্ধা।<br>(৪) জেলা তথ্য অফিসার, গাইবান্ধা। |
| ৬। জেনারেল হাসপাতাল, গাইবান্ধা। | তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, (১) বর্তমানে হাসপাতালে অর্থো-সার্জারী, ইএনটি, স্কীন ভিডি, চক্ষু কনসালটেন্ট (সিনিয়র/জুনিয়র) এর পদসমূহ শূন্য রয়েছে। শূন্য পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে, (২) তরল অক্সিজেন সরবরাহ করায় সেন্ট্রাল অক্সিজেন লাইন চালু রয়েছে, (৩) হাসপাতালে মোট ১০১ জন গর্ভবতী সন্তান প্রসব করেন। তন্মধ্যে সিজারিয়ানের সংখ্যা ২৯ জন এবং নরমাল সন্তান প্রসব ৭২ জন। এ মাসে Major সার্জারি ৯২টি এবং Minor সার্জারি ১২৪৩ টি সম্পন্ন হয়। (৪) জেলা হাসপাতালে চলতি মাসে বহির্বিভাগে ২৪০৫৬ জন, জরুরি বিভাগে ৫৬৮১ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে এবং অন্তঃবিভাগে ৪৭৮০৮ জন রোগী ভর্তি ছিল। (৫) হাসপাতালে অবস্থানকৃত রোগীর বেড অকুপেন্সি রেট ১৪৫.৪২ এবং এভারেস লেন্থ ২.২৮, (৬) অত্র হাসপাতালে ক্যাঙ্গারু মাদার কেয়ার, স্ক্যানু ও স্যামকর্ণার চালু আছে। (৭) হাসপাতালে ওসিসি কার্যক্রম চালু আছে, (৮) চলতি মাসে ২৭ জন ধর্ষিতার ধর্ষণজনিত পরীক্ষা | (১) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট বিদ্যুৎ বিভাগ, সিভিল সার্জনের প্রতিনিধি, তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধা সম্মিলিতভাবে গাইবান্ধা জেনারেল হাসপাতালে বিদ্যুৎ সংযোগের বিষয়টি নিশ্চিত করবেন।<br>(২) দায়িত্বরত ডাক্তারগণকে অধিকতর আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক জেনারেল হাসপাতাল, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | সম্পন্ন হয়েছে, ১৬ জনের অপমৃত্যুর ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে এবং ২৫ জনকে মেডিকেল সার্টিফিকেট দেওয়া হয়েছে। (৯) হাসপাতালে টেলিমেডিসিনের মাধ্যমে দূর-দূরান্তের রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। (১০) জলাতঙ্ক মরণ ব্যাধি রোগ হতে রক্ষা পাওয়ার জন্য বিনামূল্যে কুকুর কামড়ানো ভ্যাকসিন প্রদান করা হয়। (১১) গর্ভবতী মায়েদের নিয়মিত এএনসি ও পিএনসি সেবা প্রদানের মাধ্যমে নরমাল ডেলিভারির উৎসাহ প্রদান করা হয়। হাসপাতালে বিনামূল্যে ভায়া ও সিবিই সেবা প্রদান করা হচ্ছে। (১২) হাসপাতালে ভায়া এবং সিবিই সেবা বিনামূল্যে প্রদান করা হয়। (১৩) হাসপাতালে বর্তমানে আলট্রাসনোগ্রাম, ইসিজি ও এক্স-রে মেশিন চালু রয়েছে। (১৪) হাসপাতালে মেজর, মাইনর সার্জারি/ অপারেশন বিভাগ চালু আছে। তিনি আরও জানান যে, জুলাই/২০২৬ এর মধ্যে নতুন ভবনে স্থানান্তরের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৭। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, চলতি চলতি খরিপ-১/ ২০২৬-২৭ মৌসুমে গাইবান্ধা জেলায় ১৪৫১৫ হেঃ রোপা আউশ, ৪১০ হেঃ ভুট্টা, ৫,৭৪৫ হেঃ শাক-সবজি, ৫৭৪৫ হেঃশাকসবজি, ০ হেঃ পেঁয়াজ, ১৪,২৭৫ হেঃ পাট, ৪৩৫ হেঃ আদা, ৭০৫ হেঃ হলুদ, ৮৪ হেঃ মুগ, ২০৫ হেঃ তিল, ১৫০ হেঃ চিনাবাদাম, ৬৪০ হেঃ মরিচ এবং ০ হেঃ কলা লক্ষ্যমাত্রা পাওয়া গিয়েছে। ইতোমধ্যে ১৩৫১০ হেঃ রোপা আউশ, ২৪৫হেঃ ভুট্টা, ৬০৫৫ হেঃ শাক-সবজি, ০ হেঃ পেঁয়াজ, ১৩৯৮৭ হেঃ পাট, ৪১১ হেঃ আদা, ৬২৫ হেঃ হলুদ, ৫৩ হেঃ মুগ, ১৩৫ হেঃ তিল, ১৬৬ হেঃ চিনাবাদাম, ৬০৫হেঃ মরিচ এবং ১৭২ হেঃ কলা চাষ হয়েছে। রোপন ও বপন কার্যক্রম চলমান রয়েছে, (২) ২০২৫-২৬ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় কাঁচা মরিচ আবাদ বৃদ্ধির জন্য ৬০০ জন এবং রোপা আমন আবাদ বৃদ্ধির জন্য ২৫০০০ জন, গ্রীষ্মকালীন শাকসবজি আবাদ বৃদ্ধির জন্য ৯০০০ জন, বৃক্ষ রোপন কর্মসূচি ১৬০০০টি চারা, লেবু আবাদ বৃদ্ধির জন্য ২৫০ জন এবং পেঁয়াজ সংরক্ষণের এয়ার ফ্লো মেশিন ২০ জন/ টি কৃষকের মাঝে বীজ ও সার বিতণণ কর্মসূচির বরাদ্দ পাওয়া গেছে। অগ্রাধিকার তালিকা তৈরির কাজ চলমান রয়েছে। (৩) জুলাই/ ২০২৬ মাসে গাইবান্ধা জেলায় ৩২৯৫ মেঃ টন ইউরিয়া ১৭৮০ মেঃ টন টিএসপি, ১৬৬৫ মেঃ টন ডিএপি এবং ১৫৬৫ মেঃ টন এমওপি সারের বরাদ্দ পাওয়া গিয়েছে। কৃষক পর্যায়ে বিক্রয়ের পর ১৩/০৭/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ডিলারগণের গোডাউনে ১৬০০ মেঃ টন ইউরিয়া, ২৪০ মেঃ টন টিএসপি, ৪৬০ মেঃ টন ডিএপি এবং ৮৮০ মেঃ টন এমওপি সার মজুদ আছে। সার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি কৃষক কার্ড প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) কৃষক কার্ড প্রদানের বিষয়ে প্রতিটি পাড়ায়, মহল্লায় এবং ওয়ার্ডে প্রচারণাসহ সচেতনতামূলক সভা আহবান করতে হবে। কেউ যেন অনৈতিক সুবিধা নিতে না পারে সে দিকে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>(২) ২০২৫-২৬ মৌসুমে জেলায় রোপা আউশ চাষযোগ্য জমিতে শতভাগ চাষ নিশ্চিত করতে হবে।<br>(৩) কৃষি পুনর্বাসন ও প্রণোদনা নীতিমালা মোতাবেক প্রণোদনা কর্মসূচির বীজ ও সার বিতরণ করতে হবে এবং বরাদ্দ ও উপকারভোগীর তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা। |
| ৮। জেলা | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা জানান যে, জুন/ | (১) জেলায় ক্যাটেল সেড | জেলা |

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>প্রাণিসম্পদ অফিস, গাইবান্ধা।</td><td>২০২৬ মাসে মোট ৬৯৮৪ টি কৃত্রিম প্রজনন, ২৭৩৯ টি প্রজেনী সংগ্রহ এবং ৪১৮০৮ মাত্রা গবাদিপশুর টিকা, ৭৬৮০০১টি হাঁস-মুরগীর টিকা প্রদান, ১৮২৬০টি গবাদিপশু ৭৩৬১৫ টি হাঁসমুরগী এবং ৫২ টি পোষা প্রাণীর চিকিৎসা প্রদান করা হয়েছে। রোগ অনুসন্ধানে ১১৭নমুনা সংগ্রহ, ২২ টি ডিজিজ সার্ভিলেন্স, ০২ টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা, ১৬২৫ জন খামারী প্রশিক্ষণ, খামারীদের সচেতনতা বৃদ্ধির জন্য ২৯ টি উঠান বৈঠক আয়োজন এবং ৫৩ টি খামার পরিদর্শন করা হয়েছে। চলতি মাসে ০৯টি গবাদিপশুর খামার রেজিস্ট্রেশন, ৩টি পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন করা হয়েছে। ১৭.৫৯ একর জমিতে উন্নত জাতের ঘাস খামারীদের মাধ্যমে চাষ করা হয়েছে। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন সেবামূল্য বাবদ ১১,২০,৬৫০/- টাকা, খামার রেজিষ্ট্রেশন বাবদ ২০,৪০০/- টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। তিনি আরও বলেন বন্যার কারণে ভেটেনারী মেডিকেল টিম গঠন করা হয়েছে। সভাপতি বন্যার কারণে ক্যাটেল সেড তৈরির বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন।</td><td>নির্মাণের সম্ভাব্যতা যাচাই করে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>(২) কৃত্রিম প্রজনন, প্রজেনী সংগ্রহ, গবাদি পশুর টিকা প্রদান, রোগ অনুসন্ধানের নমুনা সংগ্রহ ও মেডিকেল ক্যাম্প পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রাণিসম্পদ কর্মকর্তা গাইবান্ধা।</td></tr>
<tr><td>৯। জেলা মৎস্য অফিস, গাইবান্ধা।</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জেলায় জুন/ ২০২৬ মাসে ০৩টি নার্সারি স্থাপনসহ মোট ১৭টি বিল নার্সারি স্থাপন এবং ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য়) পর্যায় এর মাধ্যমে ৫৫ টি প্রদর্শনী স্থাপনসহ মোট ৬৩টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। জুন/ ২০২৬ মাসে ১ ব্যাচে ২০ মৎস্য চাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরা প্রতিরোধের বিষয়ে সচেতনতা সভার এর মধ্যমে জনগণকে অবহিত করা হয়েছে। মৎস্য চাষী/ মৎস্যজীবী/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জাটকা সংরক্ষণে ০৩টি, নিষিদ্ধ পিরানহা চাষ রোধে ০১টি সভার আয়োজন করা হয়েছে। এছাড়াও ৫৮টি হাট-বাজার পরিদর্শন করা হয়েছে।</td><td>(১) যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে রাতে মাছ ধরা প্রতিরোধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) মৎস্য চাষী/ মৎস্যজীবী/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভার সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>(৩) নিয়মিত হাট-বাজার পরিদর্শন করতে হবে।</td><td>জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা।</td></tr>
<tr><td>১০। খাদ্য বিভাগ, গাইবান্ধা।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সভায় জানান যে, (১) অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ এর আওতায় ধান, চাল ও গম নিম্নরূপ:
<table>
<tr><th>খাদ্যশস্য</th><th>লক্ষ্যমা</th><th>অর্জন</th><th>শতকরা</th></tr>
<tr><td>ধান</td><td>৯৫৬৩</td><td>৬৬৫৩</td><td>৭০</td></tr>
<tr><td>সিদ্ধ চাল</td><td>২৬৪৩<br>৮</td><td>২০০১১</td><td>৭৭</td></tr>
<tr><td>আতপ চাল</td><td>১২৮৯</td><td>৯১৫</td><td>৭১</td></tr>
<tr><td>গম</td><td>৫৩০</td><td>০</td><td>০</td></tr>
</table>
সংগ্রহের মেয়াদ ৩১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।<br>২। (ক) অত্র জেলার ওএমএস এর তথ্য:
<table>
<tr><th>এলাকা</th><th>ডিলার সংখ্যা</th><th>কর্মরত ডিলার</th><th>বরাদ্দ</th></tr>
<tr><td>গাইবান্ধা পৌরসভা</td><td>১২</td><td>০৯ জন</td><td>দৈনিক ০৯ মেঃটন ও ০৯ মেঃটন আটা</td></tr>
</table></td><td>(১) বোরো ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।<br>(২) ওএমএস ও খাদ্য বান্ধব কার্যক্রম নীতিমালা মোতাবেক পরিচালনা করতে হবে এবং ভালো মানের চাল প্রদান করতে হবে।<br>(৩) ধান সংগ্রহ কার্যক্রমে যেন কোন কৃষক হয়রানীর শিকার না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।<br>(৪) ওএমএস এর বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>ভোক্তা পর্যায়ে প্রতি কেজি চাল ও আটার বিক্রয় মূল্য যথাক্রমে ৩০/- ও ২৪/- টাকা।<br>২। (খ) অত্র জেলার ওএমএস (টিসিবি):<br>
<table>
<tr><th>এলাকা</th><th>ডিলার সংখ্যা</th><th>ভোক্তার সংখ্যা</th><th>মাসিক বরাদ্দ</th></tr>
<tr><td>গাইবান্ধা পৌরসভা</td><td>১২৫</td><td>২,০৮,৯৫০</td><td>১০৪৪.৭৫</td></tr>
</table>
প্রতি মাসে প্রত্যেক ভোক্তাকে ৫ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ৩০/- টাকা।<br><br>
৩। লটারিতে নির্বাচিত প্রকৃত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ করা হচ্ছে। সংশোধিত কৃষকের তালিকা খাদ্য গুদামে পাওয়া গেছে। কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিতকরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>
৪। জেলার মজুদ পরিস্থিতি:<br>
<table>
<tr><th>জেলা</th><th>চাল</th><th>ধান</th><th>গম</th><th>আট</th></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>২৮৮৩২</td><td>৫১১৭</td><td>১০৫৪</td><td>৩৫০</td></tr>
</table>
গোলাপবাগ এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ২৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে, কামদিয়া এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে এবং ফুলছড়ি এলএসডি প্রাঙ্গনে ৫০০ মে.টন ধারণক্ষম নতুন খাদ্য গুদাম নির্মাণ কাজ জানুয়ারি/২০২৫ মাসে শুরু হয়েছে এবং ২৬/০৮/২০২৬ খ্রি. তারিখে শেষ হবে। সভাপতি ওএমএমএস এর বরাদ্দ বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>১১। গণপূর্ত বিভাগ, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা সভায় জানান যে, (১) গাইবান্ধা জেলার জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ নির্মাণ। ভৌত অগ্রগতি ১০০%, (২) সাঘাটা উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান, প্রকল্প শুরু এপ্রিল/২০১৭, প্রকল্প শেষ জুন/ ২০২৬, ভৌত অগ্রগতি-৬১%। ভবনের কাঠামোগত নির্মাণ, ভেতরের প্লাস্টার সমাপ্ত হয়েছে। বাইরের প্লাস্টার, টাইলস, মার্বেল, দরজা, জানালা, সীমানা প্রাচীর শুরু হয়নি। কাজটি বন্ধ বিধায় চুক্তি বাতিলের জন্য পত্র প্রেরণ করা হয়েছে, (৩) সুন্দরগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান, প্রকল্প শুরু এপ্রিল/২০১৭, প্রকল্প শেষ জুন/ ২০২৬, ভৌত অগ্রগতি-৭১%। কাঠামোগত নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মিনারের প্লাস্টারের কাজ, বাউন্ডারী ওয়ালের কাজ, আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজার্ভার কাজ চলমান রয়েছে। দ্বিতীয় তলার ফ্লোরের টাইলসের কাজ শেষ হয়েছে। ১ম</td><td>চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা।</td></tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | তলার টাইলসের কাজ চলমান রয়েছে। ভিতরের রং এর কাজ, সাব-স্টেশন ও ডেড বডি ওয়াশ রুমের কাজ চলমান রয়েছে। | | |
| ১২। সওজ, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা সভায় জানান যে, (১) বামনডাঙ্গা (গাইবান্ধা)-শঠিবাড়ী-আফতাবগঞ্জ (দিনাজপুর) জেলা মহাসড়ক (জেড-৫০১৩) উন্নয়ন শীর্ষক প্রকল্প: চেইনেজ ০+০০০ কি.মি. হতে ১০+৮০০ কি.মি. পর্যন্ত সড়ক প্রশস্তকরণ, মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ চলমান। চুক্তিমূল্য =৩,৫১৯.৯১ লক্ষ টাকা, কাজের অগ্রগতি = ৮০%, (০২) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করা হচ্ছে। বন্যা মোকাবেলার জন্য সকল প্রস্তুতি রয়েছে। | (১) জেলার সকল রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা |
| ১৩। পাউবো, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা সভায় জানান যে, (১) যমুনা নদীর ডানতীরের ভাঙন হতে ফুলছড়ি উপজেলাধীন কাতলামারী ও সাঘাটা উপজেলাধীন গোবিন্দি এবং হলদিয়া এলাকা রক্ষা শীর্ষক (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের অঙ্গসমূহ: নদী তীর সংরক্ষণ কাজ-১৩.১৬৪ কিঃমিঃ এবং বাঁধ পুনর্বাসন কাজ-১৫.০০ কিঃমিঃ। জুন/ ২০২৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮৮.৮৫% এবং আর্থিক অগ্রগতি ৬৮১.৬২ কোটি টাকা। প্রকল্পের প্রকল্পের মেয়াদ ডিসেম্বর/ ২০২৬ পর্যন্ত নির্ধারিত রয়েছে, (২) যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১: নদী তীর সংরক্ষণ ও নদী শাসন (কম্পোনেন্ট-১) শীর্ষক প্রকল্পের গত ০৪/০২/২০২৪ খ্রি. তারিখে জিও জারী হয়। প্রকল্পের আওতাধীন এলাকা টাঙ্গাইল, সিরাজগঞ্জ ও গাইবান্ধা। প্রকল্প ব্যয় - ৮৭৩.২৭ কোটি টাকা, তন্মধ্যে জিওবি - ১৮৭.১১ কোটি, বিশ্ব ব্যাংকের ঋণ - ৫৭৩.৭১ কোটি এবং নেদারল্যান্ড সরকার ও এআইআইবি'র অনুদান - ১১২.৪৪ কোটি টাকা। প্রকল্পের গাইবান্ধা অংশের অঙ্গসমূহ: ফুলছড়ি পার্সিয়েবল গ্রয়েন/ টপ ব্লক পার্সিয়েবল গ্রয়েন (৪ টি ২ সারি পাইল এবং ১টি ৩ সারি পাইল) দ্বারা নদীতীর রক্ষার কাজ। জমি অধিগ্রহণ/ ক্রয় (ফুলছড়ি) ১৫ হেক্টর। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিজাইন সার্কেল কর্তৃক নকসা ভেটিং সম্পন্ন হয়েছে। প্রকল্পের ভূমি অধিগ্রহণের ৪ ধারা নোটিশ জারী করা হয়েছে, (৩) নতুন উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনা: (ক) গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী এবং সদর উপজেলার চিথুলিয়া দিগর এলাকায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর বাম তীরে ভাঙ্গন প্রতিরোধের মাধ্যমে ব্রহ্মপুত্র ও জিঞ্জিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প। উক্ত প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়িত হলে ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী ইউনিয়নের ৯টি চর নদী ভাঙ্গন হতে রক্ষা পাবে, (খ) যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার চন্ডিপুর, | (১) গজারিয়া টি বাঁধে সার্ভিস ডেলিভারী সেন্টার নির্মাণ কাজ দ্রুততর সময়ে সম্পন্ন করতে হবে।<br>(২) শহর রক্ষা বাঁধ সংস্কার কাজ ০৭ দিনের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(৩) জেলায় চিহ্নিত নদী ভাঙ্গনের স্থানসমূহে জরুরিভিত্তিতে দ্রুততর সময়ে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৪) টানা বর্ষণের কারণে বাঁধে রেইন কাট সৃষ্টি হলে তা দ্রুত মেরামত ও সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৫) নদী ভাঙ্গন রোধের নিমিত্ত প্রকল্প গ্রহণপূর্বক জরুরিভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।<br>(২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | কাপাসিয়া, শ্রীপুর ও সদর উপজেলার কামারজানি, গিদারী এবং ফুলছড়ি উপজেলার কঞ্চিপাড়া, উড়িয়া ও গজারিয়া এলাকা রক্ষা শীর্ষক প্রকল্প ডিপিপি অনুমোদন হলে দ্রুত প্রকল্প বাস্তবায়ন করা হবে (৩) গাইবান্ধা জেলার পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ ও সাঘাটা উপজেলার বিভিন্ন স্থানে করতোয়া কাটাখালী-বাঙ্গালী নদীর তীর সংরক্ষণ শীর্ষক প্রকল্প। সভাপতি শহর রক্ষা বাঁধের কাজ এবং নদী ভাঙ্গণের চিহ্নিত স্থানসহ গজারিয়া টি বাঁধে সার্ভিস ডেলিভারী সেন্টার নির্মাণের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ১৪। এলজিইডি, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সভায় প্রতিনিধি প্রেরণ করায় অসন্তোষ প্রকাশ করা হয়। অতঃপর প্রতিনিধি সভায় জানান যে, (১) RDRIIP-2 প্রকল্প, শুরু ০১/১০/২০১৭ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি – ৯২%, (ক) ২০১টি প্যাকেজের মধ্যে ১৭৬টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে, ২৫টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। (খ) গোবিন্দগঞ্জ উপজেলাধীন কায়াগঞ্জ করতোয়া নদীর উপর নির্মাণাধীন ৩৬০ মিটার ব্রিজের এপ্রোচ রোডের জমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে, (২) গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলায় পাঁচপীর বাজার-চিলমারী উপজেলা সদর দপ্তরের সাথে সংযোগকারী সড়কে তিস্তা নদীর উপর ১৪৯০ মিটার দীর্ঘ পিসি গার্ডার সেতু নির্মাণ শীর্ষক প্রকল্প: শুরু ০১/১০/২০১৩ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি - ৯৫%। এল এ কেস নং- ৫/২০২৩-২৪ অধিগ্রহণকৃত জমির সীমানা নির্ধারণ করা হয়নি এবং জমির মালিকগণ জমির মূল্য বুঝে পায় নাই মর্মে জানিয়েছেন, (৩) দেশব্যাপী গ্রামীণ হাট বাজারে বহুতল ভবন নির্মাণ প্রকল্প: শুরু জুলাই/ ২০১৭, শেষ জুন/ ২০২৬, গড় অগ্রগতি - ৯৬%। ০৩টি বাজারে ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। (৪) আইপিসিপি প্রকল্প: শুরু ২০/০৯/২০১৭ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি - ৮৫%। ১৯টি কাজের মধ্যে ১৭টি কাজ সম্পন্ন হয়েছে এবং ০২টি কাজ চলমান রয়েছে, (৫) জিএসআইডিপি-০২ প্রকল্প: শুরু ২৬/০১/২০২২ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি. গড় অগ্রগতি - ৮৫%। ৫২৮টি স্কীমের মধ্যে ৩৮০টি সম্পন্ন হয়েছে ১০২টি চলমান রয়েছে। ৪৬টির দরপত্রের কার্যক্রম চলমান রয়েছে, (৬) টিইউএলও প্রকল্প: শুরু জুলাই/ ২০২৩., শেষ জুন/ ২০২৮. গড় অগ্রগতি - ৬৫%। সমাপ্ত ০২টি, চলমান ১৫টি, (৭) জিআরআরআইআইপি প্রকল্প: শুরু জুলাই/২০২৪, শেষ শেষ জুন/ ২০২৯ গড় অগ্রগতি - ২৫%। ৫৯টি প্যাকেজের ৩টি প্যাকেজ সমাপ্ত, চলমান -৪৩টি প্যাকেজ, ১২টি প্যাকেজের দরপত্র মূল্যায়ন চলমান, (৮) আরআইভিইআর প্রকল্প: শুরু ০১/০১/২০২৩ খ্রি., শেষ ৩০/০৬/২০২৮ খ্রি. গড় অগ্রগতি - ১৫%। মোট ৩৪টি সেল্টার এর মধ্যে ২৮টি শেল্টারের কাজ চলমান, (৯) পিসিআরবিসিপি প্রকল্প : শুরু সেপ্টেম্বর/ ২০২১, শেষ- | চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ডিসেম্বর/ ২০২৬। জমি অধিগ্রহণ প্রয়োজন। ইতোমধ্যে জমি অধিগ্রহণের অর্থ ৫২৭৩১০০০ কোটি টাকা সংশ্লিষ্ট একাউন্টে জমা করা হয়েছে, (১০) জিওবিএম প্রকল্প: শুরু ০১/০৭/২০২৫ খ্রি., শেষ ৩০/০৬/২০২৬ খ্রি., গড় অগ্রগতি ৮৫%, ৭৮টি স্কীমের মধ্যে ৬৭টির কাজ শেষ, ৯টি কাজ চলমান রয়েছে, (১১) CDRSSWRMP প্রকল্প: শুরু ০১/০১/২০২৪, শেষ ৩১/১২/২০২৯। ৩টি স্কীমের মধ্যে ১টি স্কীমের কাজ চলমান, ২টি স্কীমের দরপত্র প্রক্রিয়াধীন। | | |
| ১৫। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয় নাই। | নিময়িত জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত থাকতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |
| ১৬। বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা সভায় জানান যে, (১) ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ কাজ (৫০০ মি.), প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ-৩০/০৬/২০২৮ খ্রি. বরাদ্দ পাওয়া যায়নি, (২) গ্রুপ ফরমেশন কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ-৩০/০৬/২০২৮ খ্রি. (৩) প্রশিক্ষণ কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ- ৩০/০৬/২০২৮ খ্রি.। বৃহত্তম বগুড়া ও গাইবান্ধা জেলা সমন্বিত সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) অনুমোদনের প্রক্রিয়াধীন আছে। | গৃহীত কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা। |
| ১৭। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, 'সেচ অবকাঠামো পুনর্বাসন' আরইআরপি প্রকল্পের আওতায় গভীর নলকূপ পুনঃস্থাপনসহ পাম্প ঘর নির্মাণ, পাম্প ঘর মেরামত ও রাইজার ভাল্ব স্থাপন এবং আউট লেট পুনঃনির্মাণসহ আনুষঙ্গিক মেরামত কাজ। প্রকল্পের কার্যক্রম শুরু ০১/০১/২০২২ খ্রি. এবং প্রকল্পের কার্যক্রম শেষ হবে ৩১/১২/২০২৬ খ্রি.। প্রকল্পের আওতায় ১৬টি পাম্পঘর মেরামত কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে এবং ১০টি পাম্পঘর পুনঃনির্মাণ কাজ চলমান রয়েছে। | ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে এবং পানির অপচয় রোধে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা। |
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জানুয়ারি-২০২০, শেষ হওয়ার তারিখ: জুন- ২০২৭। (ক) অগভীর নলকূপ স্থাপন কাজ: মোট বরাদ্দ ১১৫২৮টি, সমাপ্ত- ১১৩৬০টি, চলমান-১৬৮টি, অগ্রগতি- ৯৮%, (খ) ২৪টি কমিউনিটি ভিত্তিক গ্রামীণ পানি সরবরাহ স্কিমের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৯৬%, (গ) ০৩টি রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৬৬%, (২) মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জানুয়ারি-২০২১, শেষ হওয়ার তারিখ: ডিসেম্বর- ২০২৬। ২২৮টি স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলামন রয়েছে, অগ্রগতি- ৯৭%, ০৬টি | (১) বন্যার সকল প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>(২) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | বৃহৎ পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি ৫০%, মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের স্যানিটেশন প্যাকেজের আওতায় পাবলিক টয়লেট ও কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ চলমান রয়েছে। যার অগ্রগতি ৪৩%, স্থানীয় উদ্যোক্তা কর্তৃক প্রকল্পভুক্ত ইউনিয়নসমূহে হতদরিদ্র পরিবারের জন্য টুইন পিট ল্যাট্রিন স্থাপন কাজের বরাদ্দ-১৪৮৮৫টি, সমাপ্ত - ১৪,৮৮৫টি, অগ্রগতি - ১০০%, (৩) ৪র্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি - ৪ প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ ডিসেম্বর - ২০১৯, শেষ হওয়ার তারিখ: জুন- ২০২৬। ওয়াশব্লক নির্মাণ কাজের মোট বরাদ্দ - ৬৫৭টি, শতভাগ সমাপ্ত ৬৫৭টি। সার্বিক অগ্রগতি - ১০০%, পানির উৎস স্থাপন কাজের মোট বরাদ্দ ২১০টি, শতভাগ সমাপ্ত ২১০টি, অগ্রগতি - ১০০% (৪) ২৩ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জুলাই - ২০১৭, শেষ হওয়ার তারিখ: ডিসম্বর- ২০২৫ (মেয়াদ বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন)। গোবিন্দগঞ্জ উপজেলায় ৩.২৫ কিঃমিঃ ড্রেন নির্মাণ, অগ্রগতি-১০০%, ০৪টি পরীক্ষামূলক নলকূপ, ০২টি উৎপাদন নলকূপ, ০৩টি পাম্প হাউজ, ৬৫টি পানির উৎস এবং ০১টি ২০০ ঘন মিঃ/ ঘন্টা ধারণ ক্ষমতা সম্পন্ন গ্রাউন্ড ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কাজ, অগ্রগতি - ১০০%, ০৭টি পাবলিক টয়লেটের মধ্যে ০৪টি সমাপ্ত (জায়গার জটিলতার কারণে ০৩টি পাবলিক টয়লেট নির্মাণ করা সম্ভব হয়নি), সার্বিক অগ্রগতি- ১০০%, ২০টি কমিউনিটি ল্যাট্রিনের মধ্যে ১৮টি সমাপ্ত (জায়গার জটিলতার কারণে ০৩টি পাবলিক টয়লেট নির্মাণ করা সম্ভব হয়নি), সার্বিক অগ্রগতি-১০০%, ফিক্যাল স্লাজ ম্যানেজমেন্ট সেড এর নির্মাণ কাজ ০১টি, কাজের অগ্রগতি ৯০%। সভাপতি বন্যার প্রস্তুতি গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ১৯। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) গাইবান্ধা। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), গাইবান্ধা জেলায় কোন উন্নয়নমূলক কার্যক্রম চলমান নেই। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গৃহীত প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা। |
| ২০। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো পিএলসি, গাইবান্ধা। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ নেসকো পিএলসি, গাইবান্ধায় বর্তমান চাহিদা ১৩.০০ মেগাওয়াট এবং বরাদ্দ ১৩.০০ মেগাওয়াট। বর্তমানে কোন লোড শেডিং নেই। আসন্ন গ্রীষ্মকালীন তাপদাহে ও প্রাকৃতিক দুর্যোগে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরামত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) প্রি-পেমেন্ট স্মার্ট মিটার স্থাপনে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারাভিযান অব্যাহত রাখতে হবে।<br>(৩) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সকল দপ্তর প্রধান, গইবান্ধা।<br>(২) নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো, পিএলসি, গাইবান্ধা। |
| ২১। বিক্রয় ও বিতরণ বিভাগ- নেসকো ২ পিএলসি | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, গাইবান্ধা সভায় জানান বিক্রয় ও বিতরণ বিভাগ-২ নেসকো পিএলসি, গাইবান্ধায় বর্তমানে বিদ্যুৎ এর চাহিদা ১০.০০ (দশ) মেগাওয়াট এবং বরাদ্দ ১০.০০ (দশ) মেগাওয়াট। | | |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরমত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। সরকারি আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের পত্র প্রেরণ করা হয়েছে। সরকারি দপ্তর/ আবাসিক কোয়ার্টারসহ প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প চলমান রয়েছে। গাইবান্ধা নার্সিং কলেজে ১৭,৪১,২৩৭/- টাকা বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। | | |
| ২২। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা। | সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা সভায় জানান যে, অন্তর্ভুক্ত বিদ্যুতায়িত উপজেলা-০৫টি (গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি), (২) সরকারি/ আধাসরকারি ৫২টি প্রতিষ্ঠানে মোট ৬৫,১৩,৯৬২/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। জুন/ ২০২৬ মাস পর্যন্ত লাইন নির্মাণ – ৫৫২১.০৮ কিঃমিঃ, এ মাসে লাইন নির্মাণ- ০.০৪৬ কিঃমিঃ। মোট সেচ গ্রাহক সংখ্যা - ৯৩৪৯টি ,এসটিডব্লিউ - ৮৫৬৩টি, ডি ডব্লিউটি - ৭৩০ টি ও এলএলপি - ৫৬টি, এ মাসে সেচ সংযোগ-০২টি। শিল্প সংযোগ - ২৮২৩ টি, (ক্ষুদ্র শিল্প ২৭৫২টি ও বৃহৎ শিল্প ৭১ টি) মোট গ্রাহক সংখ্যা- ৪,১২,০৬৭ টি। (আবাসিক ৩,৭১,৯১৭টি, বানিজ্যিক ২২,৬১৯টি , সেচ- ৯,৩৪৯টি , শিল্প ২,৮২৩টি, দাতব্য প্রতিষ্ঠান ৫০৬০টি ও অন্যান্য - ২৯৯ টি। এ মাসে সংযোগ- ১৯৬টি। বর্তমান চাহিদা ৩৮৬৭৬০ মেঘাওয়াট ঘণ্টা এবং প্রাপ্তি ৩৭১৫৮ মেঘাওয়াট ঘণ্টা। বর্তমানে লোড শেডিং ১৫১৮ মেঘাওয়াট ঘণ্টা। গণশুনানী-২৪টি এবং উঠান বৈঠক-১৪টি। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) চলতি বোরো মৌসুমে সেচ সুবিধা প্রদানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) সকল দপ্তর প্রধান, গইবান্ধা।<br>(২) সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি গাইবান্ধা। |
| ২৩। রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি- ১, শঠিবাড়ী, রংপুর। | জিএম রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর সভায় জানান যে, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় সাদুল্লাপুর ও সুন্দরগঞ্জ উপজেলায় মোট গ্রামের সংখ্যা ৩১৬টি, বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা-৩১৬টি, মোট নির্মিত লাইন - ৩৬২৩ কিঃমিঃ, মোট গ্রাহকের সংখ্যা - ২,৩৫,১১২ জন। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে ৬৪,৭৮,২২৭/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সহযোগিতা কামনা করেন। মডেল মসজিদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর ২,২৮,০৭০/০০ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বর্তমান চাহিদা ৪০.২ মেগাওয়াট এবং প্রাপ্তি ৪০.২মেগাওয়াট। বর্তমানে লোড শেডিং নেই। সমিতির আওতায় ৫৬৯৩টি সেচ সংযোগের মাধ্যমে সেচ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেচ গ্রাহকগণকে রাত ১১.০০ ঘটিকার পর থেকে সেচ কার্য পরিচালনা করার জন্য লিফলেট বিতরণ ও মিটিং আয়োজন করা হচ্ছে। | (১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>(২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে। | জিএম , রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর। |
| ২৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা সভায় জানান যে, জুন/ ২০২৬ মাসে সক্ষম দম্পতি ৫,৫৬,১৭৪জন, মোট গ্রহীতা- ৪,৩৮,০১৩ জন, গ্রহণকারীর হার- ৭৮.৭৫%। মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জুন/ ২০২৬ মাসে ৫০টি ডেলিভারি সেবা এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্বাভাবিক প্রসব সেবা ১৮৪টি প্রদান করা হয়েছে। তিনি | (১) বন্যার কারণে সচেতনতামূলক কার্যক্রম উন্নয়ন সহযোগীদের মাধ্যমে চলমান রাখতে হবে।<br>(২) স্বাভাবিক প্রসব সেবার সংখ্যা ও মান বাড়াতে হবে। | উপপরিচালক , পরিবার পরিকল্পনা, গাইবান্ধা |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | আরও জানান যে, বন্যা এলাকায় কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বন্যার সময়ে প্রাথমিক স্বাস্থ্য সচেতনতা বিষয়ে কার্যক্রম চলমান রাখার বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ২৫। জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে, (১) সামাজিক নিরাপত্তামূলক (ভাতা) কার্যক্রমে গাইবান্ধা জেলায় ১০টি কার্যক্রমে সর্বমোট ৩,৩০,৬৫৬জন সুবিধাভোগী জিটুপি পদ্ধতিতে ভাতা সুবিধা পাচ্ছেন। ২০২৫-২৬ অর্থবছরে সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন/ যাচাইয়ের মাধ্যমে ৪র্থ কিস্তিতে৩২৯৪২৭ জনের পেরোল প্রেরণ করা হয়েছে। ১০৮৭০ জনের ভাতা মোবাইল জটিলতার কারণে পে রোা প্রদান করা হয় নাই, (২) শিশু শিক্ষা সুরক্ষা কার্যক্রম: (ক) গাইবান্ধা জেলায় ০৩টি প্রতিষ্ঠান রয়েছে, সরকারি শিশু পরিবার (বালক) আসন ১০০টি, বর্তমান নিবাসী ৫৯জন, সরকারি শিশু পরিবার (বালিকা), আসন ১০০, বর্তমান নিবাসী ৭৭ জন এবং সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, আসন ১০, বর্তমান নিবাসী ০৭ জন। সরকারি শিশু পরিবার (বালক) এ ০৩টি ভবন (ডরমেটরি ভবন, স্টাফ কোয়ার্টার ও প্রশিক্ষণ কেন্দ্র) নির্মাণ কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৭০%, (খ) শিশু সুরক্ষা কর্মসূচির মাধ্যমে সুবিধা বঞ্চিত শিশুর কেস ম্যানেজমেন্ট ৫২৯ শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে শিশুর সহায়তা ফোন ১০৯৮ এ সেবা সংক্রান্ত ক্যাম্পেইন ৪০৮ টি, বাল্যবিবাহ নিরোধ উঠান বৈঠক ৩০টি, ডাইভার্সন এ মুক্তিপ্রাপ্ত শিশু ও বিভিন্ন নির্যাতনের শিকার শিশুদের প্যারা কাউন্সিলিং সেবা প্রদানে সহায়তা ১৬৭ জন, শিশু শ্রমের সাথে জড়িত শিশু জরিপ ২৬৭টি, শিশুর সহায়তা ফোন ১০৯৮ এর ফোন কলের মাধ্যমে শিশুকে সেবা দানের সহায়তা ৩২ জন, উপজেলা শিশু কল্যাণ বোর্ড ও জেলা শিশু কল্যাণ বোর্ডের সভা আয়োজনে সহায়তা প্রদান ১৭টি, কেস কনফারেন্স ০৭টি, মাঠ পর্যায়ে কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা কমিটির সভার আয়োজন ২১টি। চলতি মাসে কেস ম্যানেজমেন্ট ৩৩টি, ১০৮টি ক্যাম্পেইন ১৮টি, ফোন কলের মাধ্যমে সেবা ১টি, থানার মাধ্যমে পরিবারের নিকট শিশুকে হস্তান্তর ০১ জন, (৩) সামাজকল্যাণ পরিষদ ও চিকিৎসা সহায়তা কার্যক্রম: (১) জাতীয় সমাজকল্যাণ পরিষদের গৃহ নির্মাণ বরাদ্দ এবং ভিক্ষাবৃত্তি নিরসনের বরাদ্দ উপজেলা কমিটিতে বিভাজন প্রেরণ করা হয়েছে, (খ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে জেলাধীন ৬টি রোগীকল্যাণ সমিতির মাধ্যমে ফেব্রুয়ারি/ ২০২৬ মাসে ২৯৩ জন রোগীকে ১,১২,৫৩২ টাকা ব্যয়ে সেবা প্রদান করা হয়েছে, (গ) শহর সমন্বয় পরিষদের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং প্রবেশন কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এ পর্যন্ত ৬৮৩১ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন, (ঘ) জেলায় ১,১৩,৯৮২ জন প্রতিবন্ধী শনাক্তকরণ হয়েছে ও শনাক্তকরণের কাজ চলমান রয়েছে, (ঙ) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, | (১) বন্যায় বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সার্বিক সহযোগিতার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।<br>(৩) জেলায় সামাজিক নিরাপত্তামূলক (ভাতা) কার্যক্রমের সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা সহায়তা এককালীন ৫০,০০০/০০ টাকা হিসাবে ২০২৫-২৬ অর্থবছরের ৪র্থ কিস্তি পর্যন্ত ৬৯৮ জনের ৩,৪৯,০০,০০০/-টাকা অনুদান প্রদান করা হয়েছে। ২০১৯-২০ হতে ২০২৪-২৫ অর্থবছরে ২৭০৫ জনের মাঝে ১৩,৫২,৫০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে, (৪) নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থা-১৪৩৭টি ও এতিমখানা ১২১টি। ২০০৫-২৬ অর্থবছরে ক্যাপিটেশন গ্রান্ট প্রদানের জন্য অনলাইনে আবেদনের প্রেক্ষিতে ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে ২য় কিস্তির কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বন্যার কারণে প্রতিবন্ধীদের দেখা শুনার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ২৬। যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা: লক্ষ্যমাত্রা - ৩৮০০ জন। জেলা কার্যালয়ে জুন/ ২০২৬ মাসে ৫০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষার্থীর সংখ্যা ১৯৬৫০জন। উপজেলা কার্যালয়ে ২৭০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা- ৭০১৫৯ জন। জেলা উপজেলায় ক্রমপুঞ্জিত প্রশিক্ষণার্থীর সংখ্যা-৮৯৮০৯ জন (২) প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান: লক্ষ্যমাত্রা - ৫,১৮,০০,০০০/- টাকা, জুন/ ২০২৬ মাসে পরিবার ভিত্তিক কর্মসূচির বিতরণ নেই। ২০২৫-২৬ অর্থবছরে পরিবারভিত্তিক কর্মসূচির আওতায় ঋণ বিতরণ- ৭০,৫০,০০০/০০, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৪,২৬,৫০,০০০/-টাকা। জুন/২০২৬ মাসে আত্মকর্ম কর্মসূচির ৮,৬০,০০০/০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে রাজস্ব কর্মসূচির আওতায় ঋণ বিতরণ ৭১,৮০,০০০/০০ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ১৫,৭২,৭৫,৭০০/০০ (৩) উত্তরবঙ্গ প্রকল্পের মাধ্যমে ঋণ বিতরণের পরিমাণ - ২৭,৪৪,৬৬,২০০/- টাকা। আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি: লক্ষ্যমাত্রা- ৭১৪ জন। জুন/ ২০২৬ মাসে ৫০ জন প্রশিক্ষিত যুব নারীকে আত্মকর্মী করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে অগ্রগতি ৬০১ জন, ক্রমপুঞ্জিত আত্মকর্মী - ২৯,৬৮৫ জন, (৪) বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠন স্বীকৃতি/ নিবন্ধন: লক্ষমাত্রা - ০৭টি। জুন/২০২৬ মাস পর্যন্ত অর্জন-০৬টি। ক্রমপুঞ্জিত স্বীকৃতি ও নিবন্ধিত যুব সংগঠনের সংখ্যা - ১৭০টি, (৫) বেসরকারি যুব সংগঠনের মাঝে অনুদান প্রদান: ২০২৪-২৫ অর্থবছরে ২১টি বেসরকারি স্বেচ্ছাসেবী যুব সংগঠনের মাঝে ১০,৫০,০০০/- টাকা অনুদানের চেক প্রদান করা হয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা। |
| ২৭। মহিলা বিষয়ক অধিদপ্তর, | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান (১) ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের গাইবান্ধা জেলার সকল | ১. বন্যায় শিশু ও গর্ভবর্তী মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে (১) সিভিল সার্জন, | উপপরিচালক, মহিলা |

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>গাইবান্ধা।</td>
<td>উপজেলায় জুন/ ২০২৬ মাসে ভিডব্লিউবি খাদ্যের আদেশ জারী করা হয়েছে। উল্লেখ্য সাঘাটা ও সাদুল্লাপুর উপজেলায় পুষ্টি চাল বিতরণ করা হয়। উপজেলাসমূহের খাদ্য বিতরণের তথ্য নিম্নরূপ:
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য বিতরণকৃত ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য অবিতরণকৃত ইউনিয়ন সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গাইবান্ধা সদর</td><td>১৩টি</td><td>১৩টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>গোবিন্দগঞ্জ</td><td>১৭টি</td><td>১৭টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>পলাশবা</td><td>০৮টি</td><td>০৬টি</td><td>০২</td><td></td></tr>
<tr><td>সাঘাটা</td><td>১০টি</td><td>১০টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>ফুলছড়ি</td><td>০৭টি</td><td>০৭টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>সাদুল্লাপুর</td><td>১১টি</td><td>১১টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>সুন্দরগঞ্জ</td><td>১৫টি</td><td>১৫টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৮১টি</td><td>৭৯টি</td><td>০২</td><td></td></tr>
</table>
(২) মা ও শিশু সহায়তা কর্মসূচি এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী নির্বাচনের তথ্য: গাইবান্ধা সদর, সুন্দরগঞ্জ ও পলাশবাড়ী উপজেলায় প্রতি মাসে ইউনিয়ন প্রতি বরাদ্দ ১৫ জন এবং গোবিন্দগঞ্জ, ফুলছড়ি, সাদুল্লাপুর ও ফুলছড়ি ও সাঘাটা উপজেলায় প্রতি মাসে ১০ জন।
<table>
<tr><th rowspan="2">উপজেলার নাম</th><th rowspan="2">ইউনিয়ন সংখ্যা</th><th colspan="2">জুলাই/২০২৬ মাস</th><th rowspan="2">মন্ত</th></tr>
<tr><th>বরাদ্দ</th><th>নির্বাচিত</th></tr>
<tr><td>গাইবান্ধা সদর</td><td>১৩টি</td><td>১৯৫ জন</td><td>১৯৫জন</td><td>-</td></tr>
<tr><td>গোবিন্দগঞ্জ</td><td>১৭টি</td><td>১৭০ জন</td><td>১৭০ জন</td><td>-</td></tr>
<tr><td>পলাশবাড়ী</td><td>০৮টি</td><td>১২০ জন</td><td>১৮৯ জন</td><td>-</td></tr>
<tr><td>সাদুল্লাপুর</td><td>১১টি</td><td>১১০ জন</td><td>১৮৯ জন</td><td>-</td></tr>
<tr><td>সুন্দরগঞ্জ</td><td>১৫টি</td><td>২২৫ জন</td><td>০ জন</td><td>-</td></tr>
<tr><td>ফুলছড়ি</td><td>০৭টি</td><td>৭০ জন</td><td>১৫৬ জন</td><td>-</td></tr>
<tr><td>সাঘাটা</td><td>১০টি</td><td>১০০ জন</td><td>৯০ জন</td><td>-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৮১টি</td><td>৯৯০ জন</td><td>৯৮৯ জন</td><td></td></tr>
</table>
(৩) জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে ২০ জন করে ১০০ জনকে এবং পলাশবাড়ী ও ফুলছড়ি উপজেলায় (WTC) প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৬০ জনের ০৩ মাসে মেয়াদি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>
(৪) ডে-কেয়ার সেন্টার ৬০টি আসনের মধ্যে মে/২০২৬</td>
<td>গাইবান্ধা, (২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা (৩) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা (৪) জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা (৫) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা (৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা (৭) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা (৮) উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধা এবং স্থানীয় এনজিও মিলে চরাঞ্চলে উঠান বৈঠক আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
২. জীবিকায়নের জন্য মহিলাদের মানসম্মতভাবে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>
৩. ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় খাদ্য বিতরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে।<br>
৪. মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী নির্বাচন দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>মাসে ৩৯টি আসনে শিশু ভর্তি হয়েছে এবং ২১টি আসন ফাঁকা রয়েছে। প্রতিদিনি গড় উপস্থিতি - ৩০ জন।</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>(৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলায় ৮১টি ইউনিয়নে ৮১টি এবং ০৪ টি পৌরসভায় ০৫টি মোট ৮৬টি কিশোর-কিশোরী ক্লাব চালু রয়েছে। ৮৬টি কিশোর-কিশোরী ক্লাবে প্রতি সপ্তাহে ০২দিন করে (শুক্রবার ও শনিবার) ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।
<table>
<tr><th></th><th>উপজেলার নাম</th><th>আসল</th><th>সার্ভিস চার্জ</th><th>মো</th></tr>
<tr><td>০১</td><td>গোবিন্দগঞ্জ</td><td>২৫০০/-</td><td>১২৫/-</td><td>২২৬২</td></tr>
<tr><td>০২</td><td>ফুলছড়ি</td><td>৩২,০০০/-</td><td>১৬০০/-</td><td>৩৩৬</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৪,৫০০/</td><td>১৭২৫/-</td><td>৩৬৩</td></tr>
</table>
(৬) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মে/ ২০২৬ মাসে সার্ভিস চার্জসহ ৪৪,৫২০/০০ টাকা ঋণের কিস্তি আদায় করা হয়েছে। উপজেলা ভিত্তিক ঋণের কিস্তি আদায়ের তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>উপজেলার নাম</th><th>আসল</th><th>সার্ভিস চার্জ</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>গোবিন্দগঞ্জ</td><td>২৫০০/-</td><td>১২৫/-</td><td>২২৬২৫/</td></tr>
<tr><td>০২</td><td>ফুলছড়ি</td><td>৩২,০০০/-</td><td>১৬০০/-</td><td>৩৩৬০০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৪,৫০০/-</td><td>১৭২৫/-</td><td>৩৬৩৩৫</td></tr>
</table>
সভাপতি বন্যায় শিশু ও গর্ভবর্তী মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে চরাঞ্চলে ক্যাম্পেইন পরিচালনার বিষয়ে</td><td></td><td></td></tr>
<tr><td>২৮। জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে, (১) সারা দেশের ন্যায় 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের অধীনে মাঠ পর্যায়ে ৪র্থ ত্রৈমাসিক এর মূল্যতথ্য সংগ্রহের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে, (২) ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবন যাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফীতি নির্ধারণের জন্য দর ছকের মাধ্যমে ফুড ও নন ফুড দ্রব্য সামগ্রী এবং সেবা মূল্য সংগ্রহ করার কাজ মাঠ পর্যায়ে ১১/০৬/২০২৬ খ্রি. থেকে ১৯/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে, (৩) সারা দেশের ন্যায় গাইবান্ধা জেলায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর SBR সার্ভে-২৬ তথা সংগ্রহ কাজ ০৬/০৬/২০২৬ থেকে ২০/০৬/২০২৬ পর্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।</td><td>গৃহীত কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা।</td></tr>
<tr><td>২৯। বিআরডিবি, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে,<br>বিআরডিবির কার্যক্রম:
<table>
<tr><th>বিবরণ</th><th>বছরে আদায়যোগ্য</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপ</th></tr>
</table></td><td>ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে।</td><td>উপপরিচালক বিআরডিবি গাইবান্ধা।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম ও বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td><table>
<tr><td>পুঁজি গঠন</td><td>৭০.০০ লক্ষ টাকা</td><td>৪.৩৩ লক্ষ টাকা</td><td>২৯.৩৭ লক্ষ টাকা</td><td>১৫৪৯.২৭লক্ষ টাকা</td></tr>
<tr><td>প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>১৪৩..০৪ লক্ষ টাকা</td><td>১১১০.৭১লক্ষ টাকা</td><td>১৯৫৫৪.৮৯ লক্ষ টাকা</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>১৩৬.২৪ লক্ষ টাকা</td><td>১০৫৭.৬০ লক্ষ টাকা</td><td>১১১৪২.৯১ লক্ষ টাকা</td></tr>
<tr><td>কোভিড-১৯ প্রণোদনা ঋণ আদায়</td><td>৪১.০৫ লক্ষ টাকা</td><td>০.৯০ লক্ষ টাকা</td><td>২১.৭১ লক্ষ টাকা</td><td>৩৪৬.৭৬লক্ষ টাকা</td></tr>
</table>
(১) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পটি ৩০/০৬/২০২৩ তারিখ সমাপ্ত হয়েছে। বর্তমানে এটি গাইবান্ধা জেলায় ০৭টি উপজেলায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। প্রকল্পের ২য় পর্যায় সম্প্রসারণের লক্ষ্যে ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার মাধ্যমে ১৭৮০০ জন সুফলভোগীর কর্মসংস্থান নিশ্চিত করা হয়েছে, (২) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের আওতায় one Village One Product মডেলে স্থাপিত পণ্য ভিত্তিক ২২টি পল্লীর উৎপাদন ও মার্কেট লিংকেজ কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি আরও বলেন আগামী ০৬ জুলাই ২০২৬ তারিখ জাতীয় পল্লী উন্নয়ন দিবস ২০২৬ উদযাপন করা হবে। উক্ত দিবসের সকল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>৩০। ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা।</td><td>উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা জেলায় নৈতিকতা ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পে প্রাক-প্রাথমিক ৪৪০টি, সহজ কোরআন শিক্ষা-৬৭৭টি এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র-১২টি, সর্বমোট ১১২৯টি কেন্দ্র আছে। কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন অব্যাহত রয়েছে। গাইবান্ধা জেলায় দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ১৪টি বিদ্যমান রয়েছে। মাদ্রাসাগুলো পরিদর্শন অব্যাহত রয়েছে।</td><td>গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩১। জেলা শিক্ষা বিভাগ, গাইবান্ধা।</td><td>জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে যেন অপ্রীতিকর ঘটনা ও বিশৃংখলা সৃষ্টি না হয় এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার করা হয়েছে। মাধামিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ইএমআইএস এর আওতায় আইএমএস তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। মাধ্যমিক/ নিম্নমাধ্যমিক</td><td>(১) বন্যায় ঝুঁকিপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা জরুরিভিত্তিতে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার</td><td>জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।</td></tr>
</table>

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নতুন এমপিও, উচ্চতর স্কেল, বিএড স্কেল, এমপিও হতে নাম কর্তন, সংশোধনী আবেদন অনালইনে নিষ্পত্তি করা হচ্ছে। এটি একটি চলমান প্রক্রিয়া। জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে কর্মরত সকল কর্মকর্তাদের নিয়ে নিয়মিত পাঠদানের লক্ষ্যে প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত রয়েছে। জেলা শিক্ষা অফিস লেকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট ও গার্ল গাইড দল গঠন কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ রোধ ও মাদক দ্রব্যের কুফল সম্পর্কে শিক্ষক ও অভিভাবক, ছাত্র-ছাত্রীদের সচেতনতামূলক কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, চলমান অর্ধবার্ষিক পরীক্ষা ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে এবং বন্যায় প্লাবিত হওয়ার সম্ভাবনাময় ৩১টি বিদ্যালয়ের তালিকা, বিদ্যালয় প্রধান, একজন অফিস সহায়ক এবং বিদ্যালয়ের নিকটবর্তী এবং বিদ্যালয় সংশ্লিষ্ট ব্যক্তিদের মোবাইল নম্বর সংগ্রহ করা হয়েছে। | করতে হবে।<br>(৩) ৫ বছরে ২৫ কোটি বৃক্ষ রোপন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | |
| ৩২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, (১) চতুর্থ প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (পিইডিপি-): সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন ও সম্প্রসারিত ভবনে আসবাবপত্র সরবরাহকরণ। প্রকল্প শুরু: জানুয়ারি ২০২৫, প্রকল্প শেষ হওয়ার তারিখ: ৩০ জুলাই ২০২৬। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম(গাইবান্ধা সদর ও পলাশবাড়ী উপজেলা): প্রকল্প শুরু: ২৮/১২/২০২৫, প্রকল্প শেষ হওয়ার তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৭। বন্যার প্রস্তুতি হিসেবে আশ্রয় কেন্দ্রের তালিকা প্রস্তুতির বিষয়ে আলোচনা হয়। | (১) দ্রুত বন্যা আশ্রয় কেন্দ্রের তালিকা প্রেরণ করতে হবে।<br>(২) শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয়সমূহ মনিটরিং করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা। |
| ৩৩। পিটিআই, গাইবান্ধা। | সুপারিনটেনডেন্ট, পিটিআই, গাইবান্ধা সভায় জানান যে, পিটিআই এ পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) শিক্ষাবর্ষ: জানুয়ারি - অক্টোবর-২০২৬ সেশনের প্রশিক্ষণার্থীগণের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, পিটিআই এর বাউন্ডারী ওয়ালের কিছু অংশ ধসে পড়েছে। | (১) বাউন্ডারী ওয়াল ধসের বিষয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সরেজমিনে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(২) গৃহীত প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | (১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা।<br>(২) সুপারিটেনডেন্ট পিটিআই, গাইবান্ধা। |
| ৩৪। জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধা। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধা সভায় জানান যে, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধার চলতি ২০২৫-২৬ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৮৩,৯৪,০০,০০০/০০ টাকা। জুন/ ২০২৬ মাসে বিনিয়োগের পরিমাণ- ১,৬৫,৫০,০০০/- টাকা মাত্র। বিনিয়োগকারীর সংখ্যা ১৪ জন এবং উৎসে কর কর্তনের পরিমাণ ০৭ লক্ষ ২২ হাজার টাকা মাত্র। জুলাই/ ২০২৫ | (১) বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি সরকারি দপ্তরের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে।<br>(২) বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | খ্রি. হতে জুন/ ২০২৬ খ্রি. পর্যন্ত ১৮,০৪,৫০,০০০/- টাকা বিনিয়োগ অর্জিত হয়েছে। বর্তমানে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সঞ্চয়পত্র ক্রয়-বিক্রয় সম্পূর্ণ অটোমেশন (ইএফটি) এর মাধ্যমে চলমান রয়েছে। যার মাসিক ও ত্রৈমাসিক মুনাফা সম্মানিত বিনিয়োগকারীগণের কাঙ্ক্ষিত ব্যাংক হিসেবে জমা হচ্ছে এবং জমা সংক্রান্ত তথ্যাদি মুঠোফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে পাচ্ছেন যা ডিজিটাল বাংলাদেশ গঠনে মাইল ফলক হিসেবে কাজ করছে। সঞ্চয় পত্রে সমন্বিত বিনিয়োগের পরিমাণ একক নামে ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা এবং যুগ্মনামে ১ (এক) কোটি টাকা করা হয়েছে। ১০ লক্ষ টাকা পর্যন্ত সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে কোন ট্যাক্স সার্টিফিকেট লাগে না। ১০ লক্ষ টাকা অতিক্রম করলে আয়কর রিটার্ন জমার প্রাপ্তি স্বীকার পত্র লাগে। সভাপতি সঞ্চয় বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করে আলোচনা করেন। | | |
| ৩৫। জেলা তথ্য অফিস, গাইবান্ধা। | জেলা তথ্য অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, প্রচার (মাইকিং): মোট সড়ক প্রচার করা হয় ২৫ ইউনিট, চলচ্চিত্র ৩৪টি, পিএই কভারেজ ১৭টি, নারী সমাবেশ-০২টি, কৃষক সমাবেশ-০১টি, ফ্যামিলী সমাবেশ-০১টি, উঠান বৈঠক- ০৫টি, কমিউনিটি সভা-০৩, কুইজ প্রতিযোগিতা-০১টি কথামালা প্রচার-০৬ ইউনিট, সংগীত-০৭ দিন। সভাপতি, বন্যা, ডেঙ্গু এবং চিকনগুনিয়া নিয়ে প্রচারের বিষয়ে আলোচনা করেন। | (১) বন্যা, ডেঙ্গু এবং চিকনগুনিয়া নিয়ে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>(২) নতুন কুড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এর বিষয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) সকল দপ্তরের সাথে যোগাযোগ স্থাপনপূর্বক নিয়মিত প্রচার-প্রচারণা চালাতে হবে। | জেলা তথ্য অফিসার, গাইবান্ধা। |
| ৩৬। জেলা নির্বাচন অফিস, গাইবান্ধা। | জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে ভোটার তালিকার ডাটাবেইজে ৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/০৭/২০২৬ তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন বা হবেন তাদেরকে ভোটার তালিকায় অন্তর্ভূক্তকরত: চূড়ান্তকরণের লক্ষ্যে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে ০৯ আগস্ট ২০২৬ তারিখে। প্রকাশিত খসড়া ভোটার তালিকার উপর দাবী, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেষ তারিখ ২৪ আগস্ট ২০২৬। সংশোধনকারী কতৃপক্ষ কর্তৃক দাবী, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ ২৭ আগস্ট ২০২৬। হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ৩১ আগস্ট ২০২৬ তারিখে। জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, গাইবান্ধায় প্রতিদিন জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত কার্যক্রমও আওতাধীন উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে প্রতিদিন নতুন ভোটার নিবন্ধন, ভোটার স্থানান্তর ও জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। জুন/ ২০২৬ মাসে জেলা নির্বাচন অফিস, গাইবান্ধায় ১১১টি এবং সকল উপজেলা নির্বাচন অফিসে ৪৮১ টিসহ মোট ৫৯২টি জাতীয় পরিচয় | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | পত্র সংশোধনের আবেদন নিষ্পত্তি করা হয়েছে। জুন/২০২৬ মাসে সকল উপজেলা নির্বাচন অফিস নতুন ভোটার নিবন্ধন ২৬১৫টি আবেদনের মধ্যে ২৬১৫টি আবেদন সম্পন্ন করা হয়েছে এবং স্মার্ট কার্ড বিতরণ করা হয়েছে ৬৮১টি। | | |
| ৩৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, গাইবান্ধা। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা)এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পেসমূহের কাজ শতভাগ শেষ হয়েছে। চলতি অর্থবছরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মানবিক সহায়তাসহ অন্যান্য কার্যক্রম পরিচালিত হবে। তিনি আরও জানান যে, বন্যা আশ্রয় কেন্দ্রের তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গৃহীত প্রকল্পসমুহ বিধি মোতাবেক বাস্তবায়ন করতে হবে। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা। |
| ৩৮। রংপুর সুগার মিলস লিঃ, মহিমাগঞ্জ, গাইবান্ধা। | ব্যবস্থাপনা পরিচালক, রংপুর সুগার মিলস লিঃ, মহিমাগঞ্জ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, সাহেবগঞ্জ কৃষি খামারের জমি অবৈধ দখলকারীদের দখলে রয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, রংপুর সুগার মিলস লিঃ |
| ৩৯। বিসিক, গাইবান্ধা। | সহকারী মহাব্যবস্থাপক, বিসিক, গাইবান্ধা সভায় জানান যে, (১) বিসিক ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পের ৫৫টি নিবন্ধন প্রদান করা হয়। ২০২৫-২০২৬ অর্থবছরে মোট ১১০, মাঝারী-৫০টি, ক্ষুদ্র-০টি ও কুটির ৬০টি, (২) ঋণ বিতরণ জুন/ ২০২৬ মাসের ০৯ জন, টাকা ৩১.৩০ লক্ষ (২০২৫-২৬ অর্থবছরে মোট ৭৭ জন, টাকা – ২৫০.০০ লক্ষ), (৩) উদ্যোক্তা সৃষ্টি ও উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। (২০২৫-২০২৬ অর্থবছরে জুন/ ২০২৬ পর্যন্ত মোট প্রশিক্ষণ প্রদান ৫টি ও প্রশিক্ষণার্থী-১২৫ জন), (৪) বিসিক শিল্পনগরীর বাস্তবায়নাধীন শিল্প ইউনিটসমূহ চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে (শিল্প নগরীতে চালু শিল্প ইউনিট - ৪৩ টি ও বাস্তবায়নাধীন - ০৯টি), (৫) বিসিক শিল্পনগরীর শিল্প ইউনিটগুলো সার্ভিস চার্জ আদায় ও তদারকি চলমান, (৬) বিসিক অনলাইন মার্কেট উদ্যোক্তাদের পণ্যের প্রচার চলমান রয়েছে। | (১) উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যক্রম আরও জোরদার করতে হবে।<br>(২) বন্ধ ইউনিটসমূহ চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) বিসিক অনলাইন মার্কেট উদ্যোক্তাদের পণ্যের প্রচার বৃদ্ধি করতে হবে। | এজিএম, বিসিক, গাইবান্ধা। |
| ৪০। পাট অধিদপ্তর, গাইবান্ধা। | পাট উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, (১) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিনির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ প্রকল্পের" অধীন গাইবান্ধা জেলার প্রকল্পভুক্ত ০৬টি উপজেলায় পাটচাষী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে, (২) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের নিমিত্ত জুন ২০২৬ মাস ০৩টি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৬,৫০০/- টাকা জরিমান আদায় করা হয়েছে, (৩) পাট আইন, ২০১৭ বাস্তবায়নে নিয়মিত হাটবাজার, পাটকল, চালকল, পাটের মজুদ পরিদর্শন ও উদ্বুদ্ধকরণের কাজ জনস্বার্থে অব্যাহত রয়েছে। তিনি আরও জানান যে, পাটচাষীদের বন্যার আগের পাট | (১) পাটজাত পণ্য ব্যবহার বৃদ্ধির জন্য নিয়মিত হাট-বাজার, পাটকল ও চালকলে তদারকি বৃদ্ধি করতে হবে।<br>(২) পাট আইন ২০১৭ বাস্তবায়নে নিয়মিত হাটবাজার, পাটকল, চালকল, পাটের মজুদ পরিদর্শন ও উদ্বুদ্ধকরণের কাজ অব্যাহত রাখতে হবে। | পাট উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | কাটার পরামর্শ প্রদান করা হয়েছে। | | |
| ৪১। শিশু একাডেমি, গাইবান্ধা। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, বাংলাদেশ শিশু একাডেমি, গাইবান্ধা জেলা শাখার আওতায় ২০২৬ সালের জন্য প্রশিক্ষণ কোর্সে সংগীত - ১৪ জন, নৃত্য - ২৭জন, চিত্রাঙ্কন - ৩০ জন, আবৃত্তি-২৩জন ও সুন্দর হাতের লেখা-২৫ জন মোট ১১৯ জন ছাত্র/ছাত্রী নিয়ে ০৫টি বিভাগে সপ্তাহে ০২(দুই) দিন সাংস্কৃতিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচি ২০২৬ সালের জন্য শিশু বিকাশ ও প্রাথমিক ০২টি কেন্দ্রে ভর্তিকৃত ৬০ জন শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ শিশু একাডেমি, গাইবান্ধা জেলা শাখায় শিশুদের পড়ার উপযোগী লাইব্রেরি রয়েছে। এখানে শিশু একাডেমির প্রকাশিত 'শিশু পত্রিকা এবং শিশুদের পড়ার উপযোগী বই আছে। বই পড়ার কার্যক্রমের সাথে বই ও শিশু পত্রিকা অফিস থেকে বিক্রয় করা হয়। | সংগীত, নৃত্য, চিত্রাঙ্কন, আবৃত্তি ও হাতের সুন্দর লেখা প্রশিক্ষণ কর্মসূচি দক্ষতার সাথে বাস্তবায়ন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা। |
| ৪২। শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা। | মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, জুন/ ২০২৬ মাসে ৩৩৩জন শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যদের বিনোদনমূলক সেবা, ১৮৮ জন শ্রমিককে পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে (চিকৎসা কর্মকর্তার পদটি শূন্য থাকায় চিকিৎসা সেবা কার্যক্রম সাময়িক বন্ধ রয়েছে)। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। আর্থিক সেবার আবেদন ফরম অত্র দপ্তর হতে সরবরাহ করা হয় এবং ফরমপূরণে সার্বিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করা হয়। ট্রেড ইউনিয়নভুক্ত/ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরত শ্রমিক/ কর্মচারীদের শ্রম আইন বিষয়ক শ্রমিক প্রশিক্ষণ করা হয়। প্রশিক্ষণার্থীদের প্রতিদিন ৩০০/০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা ও সামগ্রী প্রদান করা হয়। ২০২৫-২৬ অর্থবছরে অদ্যাবধি ১৭৫ জন শ্রমিককে শ্রম আইনের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চিকিৎসা কর্মকর্তা না থাকায় শ্রমিকদের স্বাস্থ্যসেবা ব্যাহত হচ্ছে। বিষয়টি শ্রম অধিদপ্তরে জানানো হয়েছে। | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা। |
| ৪৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা, গোবিন্দগঞ্জ, সাঘাটা, ফুলছড়ি, পলাশবাড়ী, সাদুল্লাপুর ও সুন্দরগঞ্জ ফায়ার স্টেশনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জুন/ ২০২৬ খ্রি: মাসে মোট অগ্নিকান্ড - ৪২টি, আনুমানিক ক্ষতি – ৩০,৫৯,০০০/- টাকা, আনুমানিক উদ্ধার - ৬৮,৭০,০০০/- টাকা, সড়ক দুর্ঘটনা - ১২টি, নৌ দুর্ঘটনা - ০০ টি, অন্যান্য দুর্ঘটনা - ০৭টি, জীবিত উদ্ধার - ১৪ জন, নিহত উদ্ধার - ০১ জন, মোট প্রশিক্ষণ - ০১ টি, মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা - ১৫ জন, মোট মহড়া - ০১টি, মোট গণসংযোগ - ০০টি। হাট-বাজার শপিংমল, বিপণি বিতান পরিদর্শনের সংখ্যা - ০ টি, এ্যাম্বুলেন্স কলের সংখ্যা-০৪টি। ফি আদায় ৫১৫/- | জেলার যে কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সচেতনতা সৃষ্টি করতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | টাকা এবং মোট রোগী-০৪ জন। | | |
| ৪৪। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, গাইবান্ধা। | সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের অধীন ২০২৬ শিক্ষাবর্ষে গাইবান্ধা জেলায় ১০৩টি শিক্ষাকেন্দ্রের মধ্যেছ ৭০টি প্রাক-প্রাথমিক, ১৩টি ধর্মীয় শিক্ষা (শিশু) এবং ২০টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক) শিক্ষাকেন্দ্র চলমান রয়েছে। প্রাক-প্রাথমিক স্তরে শিশুদের সাধারণ শিক্ষাসহ ধর্মীয় শিক্ষার মাধ্যমে নৈতিক শিক্ষাদানপূর্বক প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী করে তৈরি, ১৩টি ধর্মীয় শিক্ষা (শিশু) এবং ২০টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক) শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ১০ থেকে তদূর্ধ্ব বয়সের শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে ধর্মীয় নৈতিকতা সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তোলার চেষ্টা অব্যাহত রয়েছে। শিক্ষাকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। | মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের চলমান কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা, গাইবান্ধা। |
| ৪৫। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (১) অটিজম ও এনডিডি কর্ণার হতে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার শিশুদের থেরাপি সেবা প্রদান করা হচ্ছে, এ মাসে নতুন রেজিস্ট্রেশন করা হয়েছে ১৯ জন। (২) আলোচ্য মাসে রেজিস্টার্ড সেবা গ্রহিতার সংখ্যা মোট ৬৬ জন (পুরুষ - ২৭ জন, মহিলা - ২০ জন, শিশু - ১৯),(৩) জুন/২০২৬ মাসে সেবা গ্রহিতা- ৭১৪ জন ( পুরুষ-২৯৮ জন, মহিলা-২২৪ জন এবং শিশু- ২৯২ জন), (৪) সহায়ক উপকরণ হিসাবে হুইল চেয়ার ৬৮৪টি, ট্রাই সাইকেল ৪৭টি, টয়লেট চেয়ার ০৯টি, এ্যাক্সিলারি ক্রাচ ১৪টি, এলবো ক্রাচ ১২টি, স্ট্যান্ডিং ফ্রেম ০৫টি, কর্ণার চেয়ার ১২টি, সাধারণ সাদাছড়ি ৭৫টি, স্মার্ট সাদাছড়ি ৮১টি, হিয়ারিং এইড ৩৯টি, ওয়াকার (রোলেটর) ০৭টি, ওয়াকার (ফোল্ডিং) ১২টি বিতরণ করা হয়েছে। | (১) শূন্য পদসমূহ পূরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা। |
| ৪৬। সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধা। | লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি প্রকল্প গাইবান্ধা জেলার বিভিন্ন স্পটে বই পড়া কার্যক্রম চলমান, (২) পুস্তক, লেনদেন সদস্য সংখ্যা-১৯৯ জন। | (১) প্রতিদিন সন্ধ্যার পর এবং শুক্রবার ও শনিবার লাইব্রেরি খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধা। |
| ৪৭। জেলা বীজ প্রত্যয়ন অফিস, গাইবান্ধা। | জেলা বীজ প্রত্যয়ন অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, (১) ২০২৫-২৬ অর্থবছরে সরকারি ও বেসরকারি বোরো বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান ২৬টি। আবেদনের লক্ষ্যমাত্রা বেসরকারি ৪৩৮.২৫ হেক্টর। তার মধ্য হতে ০৪টি বেসরকারি কোম্পানী বাতিল করা হয়েছে এবং ২২টি বেসরকারি কোম্পানীর ৩৪০ হেঃ জমির চূড়ান্ত মাঠ পত্র প্রদান করা হয়েছে। সরকারি ০২টি যার আবেদনের লক্ষ্যমাত্রা ছিল-৬২৭.৫৭ হেক্টর জমি যা চূড়ান্ত মাঠ পত্র ৫০১.৮৬ হেক্টর জমির প্রদান করা হয়েছে। উল্লেখযোগ্য জাতসমূহ: ব্রিধান-২৮, ব্রিধান-২৯,ব্রিধান- ৫৮ও ব্রিধান- | (১) বীজ উৎপাদনকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ফসলের মাঠসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(২) বাজার মনিটরিং কার্যক্রম চলমান রাখতে হবে।<br>(৩) প্রত্যায়িত বীজ প্যাকেটজাত করার সময়ে | জেলা বীজ প্রত্যয়ন অফিসার, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | ৮৯, ব্রিধান- ৮৮, ব্রিধান- ৭৪, ব্রিধান- ৯২, ব্রিধান-৯৫ ও ৯৬, ব্রিধান- ১০০, ১০২, ১০৩, ১০৪, ১০৭, ১০৮ ইত্যাদি। (২) ২০২৬-২৭ অর্থবছরে সরকারি ও বেসরকারি পর্যায়ের আমন বীজের আবেদনের কার্যক্রম চলমান রয়েছে, (৩) ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ০৫টি বেসরকারি কোম্পানীর আলু বীজ লট স্থানান্তরের ভিত্তিতে অন্য জেলা বীজ প্রত্যয়ন অফিস, গাইবান্ধা জেলা বীজ প্রত্যয়ন অফিসে এসেছে, (৪) বেসরকারি আউশ বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সংখ্যা-২টি। আবেদনের লক্ষ্যেমাত্রা-১৭.১০, (৫) জুন/২০২৬ মাসের সাদুল্লাপুর, সাঘাটা, ফুলছড়ি, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ, পলশাবাড়ী, গাইবান্ধা সদর উপজেলায় মোটি ৩৭টি বীজের দোকানে অভিযান পরিচানা করা হয়েছে। তন্মধ্যে ২৭টি দোকানে বিভিন্ন অনিয়মের কারণে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর আইনে ৭৩,৫০০/০০ টাকা জরিমানা করা হয়েছে এবং মেয়াদ উত্তীর্ণ ও অনুমোদনহীন বীজের প্যাকেট উপস্থিত জনতার সন্মুখে বিনষ্ট করা হয়েছে, (৬) নতুন বীজ ডিলার নিবন্ধন ও পুরাতন বীজ ডিলার লাইসেন্স নবায়নের প্রত্যয়ন পত্র প্রদান কার্যক্রম চলমান রয়েছে। | সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। | |
| ৪৮। জেলা আনসার ও ভিডিপি, গাইবান্ধা। | কার্যপত্র প্রেরণ করা হয়নি। উপস্থিত জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যপত্র প্রেরণসহ গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাইবান্ধা। |
| ৪৯। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা। | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা কর্তৃক জুন/ ২০২৬ মাসে ১২টি বাজার তদারকিমূলক অভিযান পরিচালনা করা হয়েছে। এতে ভিন্ন ভিন্ন ২৫টি অভিযোগের বিপরীতে ১,১৭,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। এছাড়াও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সংবলিত লিফলেট ও পাম্পলেট, ভোক্তা ও ব্যবসায়ীদের মধ্যে বিতরণ করা হয়েছে। ভোক্তার অধিকার অধিকার ও ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত ও সচেতন করা হয়। | নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা। |
| ৫০। জেলা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, গাইবান্ধা। | জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, জুন/ ২০২৬ মাসে ১০টি হোটেল/ রেস্তোরাঁ, ০৫টি বেকারি/ মিষ্টির দোকান/ কারখানা, ০৪টি খুচরা/ পাইকারি বাজার, ০১টি কাঁচা বাজার মনিটরিং/ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়। মিনি ল্যাবরেটরির মাধ্যমে ২১টি এবং মোবাইল ল্যাবরেটরীর মাধ্যমে ৪৫টি খাদ্যপণ্য পরীক্ষা করা হয় এবং ০২টি নমুনা পরীক্ষার জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। জুন/ ২০২৬ মাসে সচেতনতামূলক স্কুল সেমিনার ০১টি, শিক্ষাঙ্গনে অভিভাবকদের নিয়ে অভিভাবক সমাসেব-০২টি, | (১) নিয়মিত হোটেল, রেস্তোরাঁ, কাঁচা বাজার, খুচরা ও পাইকারী বাজার মনিটরিং আরো জোরদার করতে হবে। (২) অভিযান পরিচালনার ধারাবাহিকতা রক্ষা করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণের সাথে প্রশিক্ষণ- ০১টি, সভা - ০১টি এবং সচেতনতামূলক কর্মসূচির অংশ হিসাবে ৪০০টি পোস্টার এবং ৬০০টি লিফলেট বিতরণ করা হয়েছে এবং ২০টি পারিবারিক নির্দেশিকা বিতরণ করা হয়েছে। | | |
| ৫১। কৃষি বিপণন অফিস, গাইবান্ধা। | কৃষি বিপণন কর্মকর্তা, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাজার মনিটরিং কাজ চলমান রয়েছে। খরিপ মৌসুমে সবজির সরবরাহ বেশি হওয়ায় সকল প্রকার সবজির দাম হ্রাস পাচ্ছে। অন্যান্য পণ্যের দাম স্থিতিশীল রয়েছে। কৃষি বিপণন অধিদপ্তর, গাইবান্ধা এর ০২টি প্রকল্প চলমান রয়েছে। পার্টনার প্রকল্পের জুন/২০২৬ মাসে ২৫ জনের ১টি ব্যাচ খাদ্য প্রক্রিয়াজাতকরণের প্রশিক্ষণ বগুড়া আরডিএতে সম্পন্ন হয়েছে। এসএসিপি রেইন্স প্রকল্পের মাধ্যমে ০২ জনকে ম্যাচিং গ্রান্টের শস্য মাড়াইকরণ যন্ত্র প্রদান করা হয়েছে। | দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। | কৃষি বিপণন কর্মকর্তা, গাইবান্ধা। |
| ৫২। ঔষধ প্রশাসন, গাইবান্ধা। | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, গাইবান্ধা সভায় জানান যে, জুন/ ২০২৬ মাসে জেলার বিভিন্ন স্থানের বাজার এলাকায় ৮৬টি ফার্মেসী পরিদর্শন করা হয়েছে। এন্টিবায়োটিক এর যৌক্তিক ব্যবহার এবং এন্টিবায়োটিক বিক্রয় রেজিস্টার মেইনটেইন বিষয়ে এবং তাপ সংবেদনশীল আই ড্রপ/ ইনসুলিন/ ভ্যাক্সিন/ অক্সিটক্সিন ইনজেকশন ২-৮° ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় ফ্রিজে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। আনরেজিস্টার্ড, নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে যথাযথ তাপমাত্রায় সংরক্ষণ বিষয়ে ঔষধ ব্যবসায়ী ও বিভিন্ন কোম্পানি প্রতিনিধির সাথে ০২টি সচেতনতামূলক আলোচনা সভা করা হয়েছে। জুন/ ২০২৬ মাসে ঔষধ উৎপাদনকারী ০২টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। পোস্ট মার্কেটিং ভিজিলেন্স কার্যক্রম হিসেবে ০৫টি ঔষধের নমুনা গুনগতমান পরীক্ষার জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকায় প্রেরণ করা হয় এবং ০৬টি ঔষধের নমুনার গুণগতমান বিভাগীয় কার্যালয়, রংপুর এর মিনিল্যাবে পরীক্ষা করা হয়। নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে মোবাইল কোর্টে মামলা দায়েরের মাধ্যমে ১৬টি ফার্মেসী হতে ১,১৬,০০০/০০ টাকা পরিমানা আদায় করা হয়েছে। এ মাসে মোট ড্রাগ লাইসেন্স নবায়নের সংখ্যা -৩৬টি এবং নতুন ০টি ড্রাগ লাইসেন্স ইস্যু করা হয়। প্রাপ্ত ট্রেজারি চালান/ রাজস্ব এর পরিমাণ – ৫৫,১৫০০ টাকা। জেলা কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদ চুক্তির লক্ষ্যমাত্রা হিসাবে ঔষধের গুনগত মান বজায় রাখার বিষয়ে ব্যবসায়ীদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। | (১) নিয়মিত ফার্মেসী পরিদর্শন করতে হবে।<br>(২) আনরেজিস্টার্ড, নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে যথাযথ তাপমাত্রায় সংরক্ষণ বিষয়ে ঔষধ ব্যবসায়ী ও বিভিন্ন কোম্পানির প্রতিনিধির সাথে সচেতনতামূলক আলোচনা সভা বৃদ্ধি করতে হবে। | ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, গাইবান্ধা। |
| ৫৩। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা সভায় জানান যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিশেষ কার্যক্রম ''কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ'' | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (প্রাক বৃত্তিমূলক পর্যায়) কর্মসূচির আওতায় ১৪ বছর হতে ২৪ বছর বয়সী কিশোর-কিশোরী তরুণ-তরুণী যারা অষ্টম শ্রেণি পাস করার পূর্বেই ঝরে পড়েছে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে শিক্ষা কেজ যুক্ত না থাকা তরুণ-তরুণীদের আত্মনির্ভরশীল কর্মসংস্থান সৃষ্টির করার লক্ষ্যে ০৪টি ট্রেডে ৮০ জন প্রশিক্ষনার্থীর চূড়ান্ত মূল্যায়ন সম্পন্ন হয়েছে। জেলা পযায়ে ২০ জন কর্মকর্তার সমন্বয়ে দ্বিতীয় কনসালটেশন সেশন শীর্ষক সেমিনার এবং ৭৬ জন শিক্ষার্থীকে নিয়ে জব লিংকেজ সম্পর্কে আলোচনা ও মতবিনিময় সভার আয়োজন প্রক্রিয়াধীন রয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে বাস্তবায়ন প্রক্রিয়াধীন কর্মসূচির জরিপ ও তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | | গাইবান্ধা। |
| ৫৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা। | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা জেলার মাদকপ্রবণ এলাকার গুরুত্বপূর্ণ পয়েন্ট ও মাদক পাচারের রুটসমূহে গোপন তথ্যের ভিত্তিতে অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হচ্ছে। নিয়মিত মামলার পাশাপাশি মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত হয়েছে। জুন/ ২০২৬ মাসে জেলায় পুলিশ বিভাগ কর্তৃক ২৯টি, র‍্যাব কর্তৃক - ০২টি, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ১০টি এবং মোবাইল কোর্টে ১৬টি মামলা দায়ের করা হয়। জুন/ ২০২৬ মাসের পরিচালিত মাদকবিরোধী অভিযানে পুলিশ বিভাগ কর্তৃক ৬,৪২,৩০০/- টাকা, র‍্যাব কর্তৃক ২,৫৬,৫০০/- টাকা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৪,৫৮,৫০০/- টাকার অবৈধ মাদকদ্রব্য উদ্ধার ও জব্দ করা হয়েছে। এ কার্যালয়ের আওতাধীন জুন/ ২০২৬ মাসে সরকারি কোষাগারে ১২,২০,১৯০/- টাকা জমা প্রদান করা হয়েছে। মাদকবিরোধী অভিযানের পাশাপাশি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ০৪টি এবং ধর্মীয় প্রতিষ্ঠানে ০৩টি মাদকবিরোধী আলোচনা সভা, লিফলেট, এক্রিলিক পিভিসি বোর্ড, মাদকবিরোধী প্রচারণা সংবলিত খাতা, কলম ও জ্যামিতি বক্স বিতরণ করা হচ্ছে। | (১) জেলায় মাদকের ভয়াবহতা রোধকল্পে প্রতিদিন অভিযান পরিচালনা করতে হবে।<br>(২) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা বৃদ্ধি করতে হবে। | উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা। |
| ৫৫। জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, গাইবান্ধা। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, গাইবান্ধা সভায় জানান যে, জুন/ ২০২৬ মাসে মোট ৩২৫ জন বিদেশ গমন করেন এর মধ্যে পুরুষ ২৮০জন, মহিলা ৪৫ জন। অক্টোবর ২০২৪ মাস হতে ০৩ (তিন) দিনের প্রি-ডিপার্চার অরিয়েন্টেশন প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। উক্ত কোর্সে জুন/ ২০২৬ মাসে ১০৮ জনসহ মোট অক্টোবর/ ২০২৪ হতে জুন/ ২০২৬ পর্যন্ত মোট ৩৩৯৭ জন বিদেশগামী কর্মীকে প্রশিক্ষণ প্রদানসহ সনদপত্র করা হয়েছে। ২০০৫ খ্রি. হতে জুন/ ২০২৬ পর্যন্ত বিদেশ গমন করেন মোট ৭৭,৩৭২ জন। তন্মধ্যে মহিলা কর্মী- ৭,০৭৪ জন এবং পুরুষ কর্মী ৭০,২৯৮ জন। এ জেলায় বিদেশগামী কর্মীদের ফিঙ্গার প্রিন্ট গত ২৭/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে শুরু হয়ে জুন/ ২০২৬ পর্যন্ত মোট ৪৫০০৫ জনের গ্রহণ করা হয়েছে। শুধুমাত্র | গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, গাইবান্ধা। |

| ক্রম ও বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
